

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২১৮.১৫- ২২৯,

তারিখঃ ০৭/০৬/২০১৬/স্থি.

বিষয়ঃ ফ্রি ল্যাপ্টপ/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ কোর্স পরিচালনা প্রসংগে।

দেশের শিক্ষিত বেকার জনগোষ্ঠীর ঘরে বসে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর চলতি অর্থবছরে ৩০টি জেলায় ফ্রি ল্যাপ্টপ/আউটসোর্সিং [ডিজিটাল মার্কেটিং/এসইও (সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন), ফ্লাইর ডিজাইন এবং ওয়েব ডিজাইনিং কোর্স] বিষয়ক ২টি ব্যাচে প্রশিক্ষণ পরিচালনার জন্য অধিদপ্তরের প্রশাসন ও অর্থ শাখা হতে ০৩-১২-২০১৫ খ্রিঃ তারিখের নং-৩৪.০১.০০০০.০০৬.২০.০১. ১৫-৩৭৩ সংখ্যক স্মারকে বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে কোর্স পরিচালনা সংক্রান্ত নির্দেশনা নিম্নে বর্ণনা করা হলোঃ

- ১। কোর্সের বিষয়ঃ ফ্রি ল্যাপ্টপ/আউটসোর্সিং-
  - i) Digital Marketing, 10 days (40 hours).
  - ii) Web Page Design, 10 days (40 hours).
  - iii) Graphic Design, 10 days (40 hours).
- ২। প্রশিক্ষণার্থীদের নিকট থেকে জনপ্রতি ৩০০০/- (তিনি হাজার) টাকা কোর্স ফি গ্রহণ করতে হবে এবং কোর্স ফি প্রশিক্ষণ শুরুর ৩(তিনি) কর্মদিবসের মধ্যে সরকারি কোষাগারে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে হবে।
- ৩। বর্ণিত প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য ইতিপূর্বে প্রেরিত ব্যয় বিভাজন এবং পরিবর্তে নিম্নরূপ ব্যয় বিভাজন অনুযায়ী কোর্সটি পরিচালনা করতে হবে।

নং	বিবরণ	টাকার পরিমাণ
০১.	সম্মানী ব্যয়ঃ	
ক)	স্থানীয় ফ্রি ল্যাপ্টপ (১২টি অধিবেশন×৩টি বিষয়×৫০০/-)	১৮০০০.০০
খ)	প্রশিক্ষক কম্পিউটার (অতিরিক্ত কাজের সম্মানী)	১৮০০০.০০
গ)	সহকারী প্রশিক্ষক (কম্পিউটার) ("")	৬৫০০.০০
ঘ)	সহকারী পরিচালক (১০০০/-×২জন) ("")	২০০০.০০
ঙ)	উপ-পরিচালক(প্রশিক্ষণ ম্যানেজার) ("")	২৫০০.০০
চ)	উচ্চমান সহকারী ("")	১০০০.০০
ছ)	ডাটা এন্ট্রি অপারেটর("")	৭০০.০০
জ)	অফিস সহায়ক ("")	৫০০.০০
০২.	উদ্বোধনী ব্যয়	২০০০.০০
০৩.	কোর্স গাইড লাইন ফটোকপি ও বাঁধাই	১৫০০.০০
০৪.	বিবিধ	১৩০০.০০
	মোট	৫০০০০.০০

- ৪। উল্লিখিত কোর্সটি নিয়মিত কোর্সের পাশাপাশি বিকাল ৪.০০-৮.০০ পর্যন্ত অতিরিক্ত সময়ে অনাবসিকভাবে পরিচালনা করতে হবে।
- ৫। প্রতি কোর্সে ২০ জন প্রশিক্ষণার্থী না হলে প্রশিক্ষণ শুরু করা যাবে না এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রশিক্ষণ শুরু করতে হবে। ভর্তিকৃত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা (মোবাইল নম্বরসহ) এবং রিসোর্স পার্সনের তালিকা প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ শাখায় প্রেরণ করতে হবে।
- ৬। ইন্টারনেট সংযোগ স্থাপনের লক্ষ্যে সমাপ্ত কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের টেলিফোন অবশ্যই কম্পিউটার লাইবে স্থানান্তর করতে হবে। যদি কোন জেলায় টেলিফোন অন্যত্র সংযোগ প্রদান করা হয়ে থাকে তাহলে ০৭(সাত) দিনের মধ্যে টেলিফোনটি কম্পিউটার লাইবে স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে প্রধান কার্যালয় প্রশিক্ষণ শাখায় বিষয়টি অবহিত করতে হবে।

পাতা/২

- ৭। অন্তরের ৬৪টি জেলায় ১টি ল্যাপটপ ও ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর রয়েছে। কম্পিউটার প্রশিক্ষণ এবং ফ্রি ল্যাসিং প্রশিক্ষণ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রত্যেক জেলার একজন অভিজ্ঞ কর্মকর্তার মাধ্যমে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর সংরক্ষণ এবং ব্যবহার নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, কোন অবস্থায় প্রশিক্ষণ কেন্দ্র বাতীত ব্যক্তিগত কাজে ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর ব্যবহার করা যাবে না।
- ৮। ল্যাপটপ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টর যে কর্মকর্তার তত্ত্বাবধানে ব্যবহার করা হবে সে কর্মকর্তার নাম ও পদবী ৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ শাখায় প্রেরণ করতে হবে।
- ৯। বর্ণিত প্রশিক্ষণ শুরু করা হয়েছে কিনা, শুরু করা না হলে জরুরীভিত্তিতে কোর্স শুরু করে প্রশিক্ষণ শাখাকে অবহিত করতে হবে।
- ১০। তাঁর কার্যালয়ে কোন কারণে প্রশিক্ষণ পরিচালনা করা সম্ভব না হলে তা ০৩(তিনি) কর্মদিবসের মধ্যে প্রশিক্ষণ শাখাকে অবহিত করতে হবে।



মোঃ শাহিদুল ইসলাম  
পরিচালক(প্রশিক্ষণ)  
ফোনঃ ৯৫৬০৭৬১

- ১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, .....
- ২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- অনুলিপি:**
- ✓ ০১। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অফিস কপি।